নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম এর বার্ষিক প্রতিবেদন-২০২১

পটভূমিঃ ১৯৩৬ সনে ILO এর ৪৮নং নাবিক কল্যাণ সংক্রান্ত সুপারিশ বাস্তবায়নের লক্ষ্যে বৃটিশ শাসনামলে তৎকালীন কেন্দ্রীয় সরকারের অধীনে নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তরের সৃষ্টি হয়। বৈদেশিক মুদ্রা অর্জনকারী জনগোষ্ঠীর কল্যাণের লক্ষ্যে ১ অক্টোবর, ১৯৭১ সনে “ডাইরেক্টরেট অব সীম্যান্স ওয়েলফেয়ার, প্রোটেক্টর অব ইমিগ্রান্টস এবং ন্যাশনাল এমপ্লয়মেন্ট ব্যুরো” এই তিনটি দপ্তরকে একত্রিত করে “নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর” গঠণ করা হয়। সমুদ্রগামী জাহাজের নাবিকদের কল্যাণকল্পে তথা আন্তর্জাতিক নৌ অঙ্গনে দেশের ভাবমূর্তি উজ্জ্বল করার প্রয়াসে ১৯৮৯ সনে পরিদপ্তরটিকে শ্রম ও জনশক্তি মন্ত্রণালয় হতে নৌপরিবহন মন্ত্রণালয়াধীন করা হয়। নৌপরিবহন মন্ত্রণালয়ের আদেশে পরিদপ্তরটিকে নৌপরিবহন অধিদপ্তরের আওতায় ন্যাস্ত করা হয়। পরবর্তীতে বৈদেশিক মুদ্রা অর্জনকারী সমুদ্রগামী জাহাজের নাবিকদের সামাজিক নিরাপত্তা ও সেবার মান উন্নয়নে আরও কার্যকরী পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে একটি পৃথক রেগুলেটরী সংস্থা হিসাবে ২০১৯ সনে পরিদপ্তরটিকে সরাসরি নৌপরিবহন মন্ত্রণালয়াধীন করা হয়।

দপ্তরের নাম	**বাংলা**	**নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর।**
	ইংরেজি	**The Directorate of Seamen & Emigration Welfare**
	সংক্ষিপ্ত	**DSW**
ঠিকানা	**সরকারি কার্যভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম।**	
ওয়েবসাইট, ই-মেইল ফোন, ফ্যাক্স	www.dsw.portal.gov.bd **dswctg@gmail.com; office@dsw.gov.bd** **ফোন: ০৩১-৭২৩৮৩২, ০৩১-৭২৪৮৫৪, ফ্যাক্স- ০২৪১৩৭০৩০৬**	
যাতায়াতের বর্ণনা (গুগল ম্যাপসহ)	**চট্টগ্রামের আগ্রাবাদে অবস্থিত সরকারী কার্যভবন-১ এর নীচতলায় পশ্চিম উত্তরাংশে ১৩৯, ১৪৮ ও ১৪৯ নং কক্ষে নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রমের অবস্থান।** 	

ভিশন (Vision): সমুদ্রগামী জাহাজের নাবিকদের কল্যাণ ও মঙ্গল সাধন।

অভিলক্ষ্য (Mission): জাহাজে ও তীরে নাবিকদের সুযোগ সুবিধাবৃদ্ধিতে পদক্ষেপ গ্রহণ।

প্রধান কার্যাবলী (Functions):

- নাবিকদের সাময়িক আবাসন, বিনোদন, চিকিৎসা ও যাতায়াত সুবিধা প্রদান;
- নাবিক কল্যাণ তহবিল হতে দুঃস্থ ও অসুস্থ নাবিকদের চিকিৎসায় আর্থিক সহায়তা প্রদান;
- সীম্যান্স এডুকেশন ট্রাস্ট ফান্ড এর আওতায় নাবিক সন্তানদের এককালীন শিক্ষা অনুদান/বৃত্তি প্রদান;

- লেভী তহবিল বিধিমালা অনুযায়ী বন্দরে আগত জাহাজ হতে লেভী সংগ্রহ;
- নাবিকদের কর্মপরিবেশ উন্নয়নে নাবিক রিক্রুটিং এজেন্টসমূহের কার্যক্রম তদারকি করা;
- নাবিকদের সামাজিক নিরাপত্তা, বকেয়া বেতন, ক্ষতিপূরণ ইত্যাদির ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগের মাধ্যমে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
- অভিযোগ প্রাপ্তি সাপেক্ষে জাহাজ পরিদর্শন এবং জাহাজে কর্মরত নাবিকের পরিবারকে প্রযোজ্য ক্ষেত্রে সহযোগিতা প্রদান।

জনবলঃ

১৯৮৩ সনে সাংগঠনিক পূনঃবিন্যাস সংক্রান্ত কমিটি (এনাম কমিটি) এর সুপারিশ ও পুনঃবিন্যাসিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী ৪(চার) জন ১ম শ্রেণীর কর্মকর্তা (পরিচালক ১জন, উপপরিচালক ১জন, সহকারী পরিচালক ২জন, ১৬ জন ৩য় শ্রেণীর কর্মচারী, ২২ জন ৪র্থ শ্রেণীর কর্মচারী সহকারে সর্বমোট ৪২ (বিয়াল্লিশ) জন কর্মকর্তা ও কর্মচারীর সমন্বয়ে নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর নাবিকদের যাবতীয় কল্যাণমূলক কার্যক্রম পরিচালনা করে আসছে।

সাংগঠানিক কাঠামোঃ

নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর
নৌপরিবহন মন্ত্রণালয়

অর্গানোগ্রাম



জনবলের সারসংক্ষেপ

ক্র/নং	পদের নাম	অনুমোদিত	প্রকৃত	সংশোধিত
	১ম-শ্রেণী			
১.	পরিচালক	১	১	১
২.	উপপরিচালক	১	১	১
৩.	সহকারী পরিচালক	২	১	২
	১ম শ্রেণী মোট	৪	৩	৪
	৩য়-শ্রেণী মোট	১৬	১৩	১৪+২
	৪র্থ-শ্রেণী মোট	২২	২৩	২২
	সর্বমোট=	৪২	৩৯	৪০+২

নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর এর প্রদত্ত সেবসমূহঃ

- সীম্যান্স হোস্টেলে নাবিক, ক্যাডেট ও নৌ কর্মকর্তাদের সাময়িক আবাসন সুবিধা;
- আবাসিক নাবিকদের সীম্যান্স হোস্টেলে চিত্তবিনোদন কক্ষে ইনডোরস গেমস এর সুবিধা প্রদান;
- নাবিক সন্তান/সন্ততিদের বাৎসরিক শিক্ষাবৃত্তি (থোক অনুদান) প্রদান;
- দুঃস্থ, অসুস্থ, অক্ষম, অবসরপ্রাপ্ত নাবিক, নাবিক পরিবারের নির্ভরশীল সদস্যদের চিকিৎসার্থে মৃত নাবিক পরিবারের নির্ভরশীল সদস্যদের চিকিৎসার্থে এবং মৃত নাবিকের লাশ পরিবহন, দাফন কাফন এর জন্য আর্থিক সাহায্য প্রদান;
- ইন্টারন্যাশনাল সীফ্যারার্স ড্রপ-ইন-সেন্টার এর মাধ্যমে বিদেশী নাবিকদেরকে ফ্রী ট্রান্সপোর্ট সুবিধা প্রদান;
- সীম্যান্স হোস্টেলে অবস্থানরত আবাসিক নাবিকদের সরকারি শিপিং অফিস ও নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তরে যাতায়াতের জন্য ফ্রি ট্রান্সপোর্ট সুবিধা প্রদান;
- সীম্যান্স হোস্টেল ডিসপেন্সারিতে কর্তব্যরত চিকিৎসকের মাধ্যমে নাবিকদের চিকিৎসা সুবিধা প্রদান;
- জাহাজে কর্মরত নাবিকদের পরিবারকে সামাজিক নিরাপত্তা বিধান;
- নাবিকদের বকেয়া বেতন ও অন্যান্য বিষয়ে আইনগত সহায়তা প্রদান;
- সীম্যান্স হোস্টেলে আবাসিক নাবিকদের বিনোদনের জন্য ফ্রি ওয়াইফাই সুবিধা প্রদান;

২০২০-২০২১ অর্থবছরে উল্লেখযোগ্য অর্জন

ক্র/নং	কার্যক্রম	সর্বমোট সাফল্য
০১	নাবিক ও নৌ কর্মকর্তাদের সাময়িক আবাসন সুবিধা প্রদান।	১১১৫০ জন
০২	নাবিক ও নৌ কর্মকর্তাদের বিনোদন মূলক সুবিধা প্রদান ।	৫০৬১ জন
০৩	নাবিক ও নৌ কর্মকরার্তাদের চিকিৎসা সুবিধা প্রদান ।	৩০৮৫ জন
০৪	নাবিক সন্তানদের শিক্ষা অনুদান প্রদান।	৬৫ জন টাঃ ৪,৩২,৫০০/-
০৫	দুঃস্থ ও অসুস্থ নাবিকদের চিকিৎসা/সাহায্য আর্থিক সহায়তা প্রদান। (মুজিব শতবর্ষ ও মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তিতে ২৬ জন নাবিককে ১৪,৭০,০০০/- টাকা আর্থিক সহায়তা প্রদান সহকারে)	৩২ জন টাঃ ২০,০০,০০০/-
০৬	নাবিক ও নৌ কর্মকর্তাদের ইন্টারনেট/ওয়াই-ফাই ও অন্যান্য সুবিধা প্রদান।	৩৫১৫ জন
০৭	নাবিক ও নৌ কর্মকর্তাদের দাপ্তরিক কাজে ফ্রি ট্রান্সপোর্ট সুবিধা প্রদান।	৯৬০ জন
০৮	চট্টগ্রাম বন্দরে আগত বিদেশী নাবিকদেরকে ফ্রি ট্রান্সপোর্ট সুবিধা ও অন্যান্য কল্যাণ মূলক সুবিধা প্রদান।	২১৬ জন
০৯।	কোভিড-১৯ পরিস্থিতিতে নাবিকদের বিশেষ আর্থিক সহায়তা প্রদান	১৯৯ জন টাঃ ৯,৯৫,০০০/-

‘মুজিববর্ষ’ উদযাপন উপলক্ষ্যে নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম কর্তৃক গৃহীত কার্যক্রম নিম্নরূপঃ

ক্রঃ নং	গৃহীত কার্যক্রমের তারিখ	**‘মুজিববর্ষ’ উদযাপন উপলক্ষ্যে নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম** এর গৃহীত কার্যক্রম
০১	১৭ই মার্চ ২০২০ খ্রিঃ	❖ জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে এ পরিদপ্তরের গাড়িতে ‘‘বঙ্গাবন্ধুর জন্মশতবার্ষিকী সফল হোক’’ সম্বলিত স্টিকার সংযোজন করা হয়। ❖ সীম্যান্স হোস্টেল অভ্যন্তরে নাবিক ও পরিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে আলোচনা সভার আয়োজন করা হয়। ❖ জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত ড্রপডাউন ব্যানার, ফেস্টুন, আলোকসজ্জা ইত্যাদির মাধ্যমে এ পরিদপ্তরের ভবন এবং নাবিকদের সাময়িক আবাসস্থল সীম্যান্স হোস্টেল ভবন সজ্জিত করা হয়। ❖ জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে পরিদপ্তর ও ইহার অধীন কার্যালয় সমূহের ভবন এবং আঙ্গিনা পরিস্কার-পরিচ্ছন্ন রাখা হয়। ❖ জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তরের সামনে ক্ষণগণনা সংক্রান্ত ডিজিটাল সাইনবোর্ড স্থাপন করা হয়। ❖ নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর হতে প্রকাশিত নোটবুক, খাম এবং প্রেরিত পত্রে বঙ্গাবন্ধু জন্মশতবাষিকীর লোগো ব্যাবহার করা হয়েছে। পর্যায়ক্রমে এ পরিদপ্তর হতে প্রকাশিত অন্যান্য স্টেশনারী সামগ্রীতে বঙ্গাবন্ধুর জন্মশত বার্ষিকীর লোগো ব্যাবহার নিশ্চিত করা হয়েছে। ❖ সমুদ্রগামী জাহাজে কর্মরত নাবিকদের সাময়িক আবাসস্থল সীম্যান্স হোস্টেল ভবনে নান্দনিক স্থানে বঙ্গাবন্ধুর জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে LED Display Board স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হয়।
০২	১৫ই আগস্ট, ২০২০খ্রিঃ	❖ জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযথ ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের লক্ষ্যে সীম্যান্স হোস্টেল চিত্তোবিনোদন কক্ষে আলোচনা সভা, দোয়া মাহফিল করা হয়।
০৩	১৬ই ডিসেম্বর, ২০২০খ্রিঃ	❖ জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকীতে মহান বিজয় দিবস যথাযথভাবে উদযাপনের লক্ষ্যে সীম্যান্স হোস্টেল অভ্যন্তরে আলোচনা সভা, দোয়া মাহফিল ও শহীদদের আত্মার মাগফেরাত কামনায় মোনাজাত করা হয়।
০৪	১০ জানুয়ারি, ২০২১ খ্রিঃ	❖ জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকীতে বঙ্গাবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদযাপন উপলক্ষ্যে সীম্যান্স হোস্টেল অভ্যন্তরে আলোচনা সভা করা হয়।
০৫	৭ই মার্চ ২০২১খ্রিঃ	❖ জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক ৭ই মার্চ এর ভাষণ সীম্যান্স হোস্টেলে দিনব্যাপী মাইক যোগে প্রচার করা হয়।
০৬	১৭ই মার্চ- ২০২১খ্রিঃ	❖ জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষ্যে সকাল ৭-০০ ঘটিকায় ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট এর সাথে যৌথভাবে র‍্যালিতে অংশ গ্রহণ করা হয়। ❖ সকাল ১০-০০ ঘটিকায় অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট ও পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রামের কর্মকর্তা এবং কর্মচারীদের অংশগ্রহণে কেক কাটার মধ্যদিয়ে জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন করা হয়। ❖ সকাল ১১-০০ ঘটিকায় সীম্যান্স হোস্টেল অভ্যন্তরে নৌপরিবহণ মন্ত্রণালয়ের আওতাধীন চট্টগ্রামস্থ কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের অধ্যয়নরত শিশু কিশোরদের নিয়ে (অনুর্ধ্ব ১২ বছর) বঙ্গাবন্ধু ও স্বাধীনতা সম্পর্কে চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। ❖ দুপুর ১২-০০ ঘটিকায় সীম্যান্স হোস্টেল অভ্যন্তরে অবস্থিত এবাদত খানায় অনুষ্ঠিত দোয়া ও মিলাদ মাহফিলে জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানসহ উনার পরিবারবর্গ এবং স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে মোনাজাত ও দোয়া করা হয়।

Pjgvb cvZv # 05

০৭	২৬ মার্চ-২০২১খ্রিঃ	❖ স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে পরিদপ্তর ও ইহার অধীন সীম্যান্স হোস্টেলের দৃশ্যমান স্থানে ড্রপ ডাউন ব্যানার স্থাপন করা হয়। ❖ সীম্যান্স হোস্টেলে সপ্তাহব্যাপী বিভিন্ন ইনডোর গেমস্ এর আয়োজন করা হয়। ❖ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে সীম্যান্স হোস্টেল ভবন আলোক সজ্জায় সজ্জিত করা হয়। ❖ রাত্রি ০০:০১ ঘটিকায় সীম্যান্স হোস্টেলস্থ শহীদ মিনারে পরিদপ্তরের পরিচালক ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারী সমন্বয়ে পুস্পস্তবক অর্পণ করা হয়। ❖ সকাল ০৯:০০ ঘটিকায় আয়োজিত ক্রীড়া প্রতিযোগীতার সমাপনী অনুষ্ঠান এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও সকাল ১১:৩০ ঘটিকায় ক্রীড়া প্রতিযোগীতা এবং চিত্রাঙ্কন প্রতিযোগীতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। ❖ স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে বিশেষ ব্যবস্থা হিসেবে দুঃস্থ, অসুস্থ ও মৃত নাবিকদের পরিবারের সদস্যদের চিকিৎসাজনিত ব্যয় মিটানোর জন্য সীম্যান্স ওয়েল ফেয়ার ফান্ড কমিটির ২৮তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ২৬ জন নাবিক এবং নাবিক পরিবারকে আর্থিক সহায়তা হিসেবে সর্বমোট ১৪,৭০,০০০/- (চৌদ্দ লক্ষ সত্তর হাজার) টাকা অনুদান প্রদান করা হয়। ❖ দুপুর ১২:৩০ ঘটিকায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তাঁর পরিবারবর্গ এবং মহান স্বাধীনতা যুদ্ধে শহীদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া ও মেনাজাত করা হয়।

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকীতে নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর কর্তৃক আয়োজিত অনুষ্ঠানের কিছু স্থির চিত্র নিম্নে প্রদর্শণ করা হলোঃ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রামের কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবসে কেক কাটার স্থিরচিত্র

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে সীম্যান্স হোস্টেলে বৃক্ষরোপন কর্মসূচীর স্থিরচিত্র।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে ১৭ ই মার্চ জাতীয় শিশু দিবস এর চিত্রাঙ্কন প্রতিযোগীতায় অংশগ্রহণকারীগণের স্থিরচিত্র

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে ১৭ ই মার্চ জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে চিত্রাঙ্কন প্রতিযোগীতায় অংশগ্রহণকারীগণের স্থিরচিত্র

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে ১৭ ই মার্চ জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে সীম্যান্স হোস্টেলে নাবিকদের প্রতিযোগীতায় অংশগ্রহণকারীগণের স্থিরচিত্র

Pjgvb cvZv # 07

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২১ উদযাপন উপলক্ষ্যে উপস্থিতির একাংশ চিত্র

স্বাধীনতার সূবর্ণ জয়ন্তীতে অসুস্থ ও দুস্থ নাবিকদের আর্থিক সহায়তা প্রদানের চিত্র

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে ক্রীড়া প্রতিযোগীতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণের স্থিরচিত্র

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তাঁর পরিবারবর্গ এবং মহান স্বাধীনতা যুদ্ধে শহীদদের আত্মার মাগফেরাত কামনায় দোয় ও মোনাজাত এর স্থিরচিত্র।

Pjgvb cvZv # 08

দুঃস্থ-অসুস্থ নাবিকদের আর্থিক সহায়তা প্রদানকল্পে নাবিক কল্যাণ তহবিল পরিচালনা কমিটির সভার চিত্র

চট্টগ্রাম বন্দরে আগত বিদেশী নাবিকদের ফ্রি ট্রান্সপোর্ট সুবিধা প্রদান

সীম্যান্স হোস্টেল ডিসপেন্সারীতে নাবিকদের চিকিৎসা সুবিধা প্রদান

কোভিড-১৯ : নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর এর প্রতিবেদন।

ভূমিকা: ২০২০ সালের ১১ মার্চ বিশ্ব স্বাস্থ্য সংস্থা কোভিড-১৯ কে বৈশ্বিক মহামারি হিসেবে ঘোষণা করে। এক রকম স্থবির হয়ে পড়ে গোটা দুনিয়া। তখন বিশ্বের ১১৪ দেশে করোনা ভাইরাসের রোগী ছিলো। এক বছরের মধ্যে জিনেটিক মিউটেশনের ফলে ভাইরাসটি বেশ কয়েক বার রূপ বদলেছে। রূপ বদলে নতুন ধরনে আরও বেশি সংক্রামক ও প্রাণঘাতী হয়েছে রোগটি। করোনার টিকা আবিষ্কার হলেও এখনো অস্বস্তিতেই বিশ্ববাসী। মহামারী ঘোষণার মাত্র বারো মাসের ব্যবধানে বিশ্বের ২১২ টি দেশের একুশ কোটির বেশি মানুষ এই ভাইরাসে আক্রান্ত হয়েছে, হারিয়ে গেছে প্রায় অর্ধ কোটি প্রাণ। বিশ্বের বাদবাকি দেশগুলোর মতো বাংলাদেশও সাধারণছুটি, সম্পূর্ণ বা আংশিক লকডাউন, সামাজিক দূরত্ব বজায় রাখা এবং নাগরিকদের ঘরে থাকার নির্দেশ দিয়ে অতিমারির মৃত্যুর মিছিল রোধ করার চেষ্টা চালিয়ে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার **৩১ দফা** নির্দেশনায় বাংলাদেশ সরকার বেশকিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে। করোনা পরীক্ষার সুযোগ বৃদ্ধি, বিশেষায়িত হাসপাতাল নির্ধারণ, শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ, বিদেশগামী সকল ফ্লাইট বন্ধ ঘোষণার পাশা পাশি সরকার গত বছরের ২৬ মার্চ **২০২০** থেকে দেশে সাধারণ ছুটি ঘোষণা করে। কোভিড-১৯ পরিস্থিতিতে নৌপরিবহন মন্ত্রণালয়ের ২২-০৩-২০২০খ্রিঃ তারিখের ১৮.০১৯.০১৮.০০.০০.০৩২.২০১১-১১১ নং পত্রের সিদ্ধান্তের প্রেক্ষিতে এ পরিদপ্তরাধীন সীম্যান্স হোস্টেল, চট্টগ্রামে নাবিকদের অবস্থান বন্ধ থাকায় সীম্যান্স হোস্টেলে নাবিকদের অবস্থান জনিত সরকারি রাজস্ব আয় হয়নি বিধায় প্রতিমাসে প্রায় ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা হিসেবে এপ্রিল-২০২০ হতে জুলাই-২০২০ পর্যন্ত প্রায় ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা ক্ষতি হয়েছে এবং বন্দরে জাহাজের আগমন কমে যাওয়ায় লেভী তহবিলের আয় প্রতিমাসে প্রায় ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা হ্রাস পেয়েছে। এতে করে জুলাই-২০২০ পর্যন্ত প্রায় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ক্ষতি হয়েছে। জুলাই-২০২০ পর্যন্ত এ পরিদপ্তরের আওতায় সরকারের রাজস্ব ক্ষতির পরিমাণ টাকার অংকে সর্বমোট = (৬,০০,০০০ + ২,০০,০০০) = ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা।

নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তরে কোভিড রোগী সনাক্ত: নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর ও ইহার অধীন কার্যালয় সমুহের কোন কর্মকর্তা/কর্মচারী কোভিড-১৯ এর লক্ষণ থাকলেও সনাক্ত হয়নি এবং কোভিড-১৯ জনিত কারণে কেউ মৃত্যু বরন করেনি।

(ক) কোভিড-১৯ এ আক্রান্ত কর্মকর্তা/কর্মচারীগণের তালিকাঃ

ক্রঃ নং	কর্মচারীর নাম, পদবী ও অফিস	জন্ম তারিখ	আক্রান্তের তারিখ	আক্রান্ত কর্মচারীর ছবি
১	শূন্য	শূন্য	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়

(খ) কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী কর্মকর্তা/কর্মচারীগণের তালিকাঃ

ক্রঃ নং	কর্মচারীর নাম, পদবী ও অফিস	জন্ম তারিখ	আক্রান্তের তারিখ	আক্রান্ত কর্মচারীর ছবি
১	শূন্য	শূন্য	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়

<u>**কোভিড প্রশমনে নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তরে সর্বাত্মক প্রস্তুতি:**</u> করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ ঝুঁকি হ্রাসে নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী ও সংশ্লিষ্টদের স্বাস্থ্য রক্ষায় নিম্নোক্ত সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

- নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তরাধীন সীম্যান্স হোস্টেলে সমুদ্রগামী জাহাজের নাবিক সাময়িকভাবে অবস্থান করে থাকেন, করোনা ভাইরাস সংক্রমণ ঝুঁকি হ্রাসে সীম্যান্স হোস্টেলে নাবিকদের অবস্থান মন্ত্রণালয়ের সিদ্ধান্তের আলোকে সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছিল। কোভিড-১৯ পরিস্থিতি কিছু শিথিলতা দেখা দিলে মন্ত্রণালয়ের সিদ্ধান্তানুযায়ী পুনরায় সীম্যান্স হোস্টেল নাবিকদের অবস্থান কার্যক্রমে স্বাস্থ্য বিধি মেনে সীমিত আকারে খোলা রাখা হয়েছে।
- নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর ও ইহার অধীন কার্যালয়সমূহের কর্মকর্তা/কর্মচারী ও সংশ্লিষ্টদেরকে নিয়মিত সাবান পানি/সেনিটাইজার ও সংশ্লিষ্ট অন্যান্য জীবানুনাশক দিয়ে হাত ধোঁয়ার পরামর্শ প্রদান করা হয়। কর্মকর্তা ও কর্মচারীদের পরিবারের সদস্যদের এদতবিষয়ে শিষ্টাচার মেনে চলার ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের পরামর্শ প্রদান করা হয়।
- কর্মকর্তা, কর্মচারী সমুদ্রগামী জাহাজের নাবিক ও সংশ্লিষ্ট সকলকে স্বাস্থ্য বিধি মেনে মাস্ক পরিধানের মাধ্যমে অফিসে প্রবেশের জন্য দৃশ্যমান স্থানে ডিজিটাল সাইনবোর্ড স্থাপনসহ অন্যান্য মাধ্যমে ব্যাপক প্রচার করা হয়েছে।

ডিজিটাল সাইনবোর্ড এর মাধ্যমে স্বাস্থ্য বিধি মেনে চলার আহব্বান

- কর্মকর্তা, কর্মচারী, সমুদ্রগামী জাহাজের নাবিক এবং অন্যান্য দর্শনার্থীদের হাত ও মুখ ধৌত করে অফিসে প্রবেশের নিমিত্ত পরিদপ্তরের সম্মুখস্থ প্রবেশ পথে এবং সীম্যান্স হোস্টেলের কাউন্টারের সামনে নাবিক ও জন সাধারণের প্রবেশপথে বেসিন স্থাপন করা হয়েছে।

সীম্যান্স হোস্টেলের প্রবেশ মুখে হাত ধোয়ার জন্য বেসিন স্থাপন

- কর্মকর্তা, কর্মচারী ও সংশ্লিষ্ট সকলকে মাস্ক পরিধানের পরামর্শ প্রদান করা হয়েছে।
- নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের কর্মস্থল ত্যাগ না করার নির্দেশনা প্রদান করা হয়েছে এবং তা নিশ্চিত করা হয়েছে।
- কর্মকর্তা, কর্মচারী ও অন্যান্য দর্শনার্থীদের নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তরে আগমনের পূর্বে জীবানুনাশক ও সেনিটাইজর দিয়ে হাত ও মুখ ধৌত করে অফিসে প্রবেশের নিমিত্তে নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, সরকারী কার্যববন-১, আগ্রাবাদ, চট্টগ্রামের সম্মুখস্থ প্রবেশপথে বেসিন স্থাপন করা হয়েছে।

নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তরের প্রবেশ মুখে হাত ধোয়ার জন্য বেসিন স্থাপন

- সকল কর্মকর্তা ও কর্মচারীদের কার্যসম্পাদন ও আলাপ আলোচনায় কমপক্ষে ৩ ফুট দুরত্ব ব্যবধান বজায় রাখার পরামর্শ প্রদান করা হয়।
- পরিদপ্তর ও ইহার অধীন কার্যালয় সমূহের মূল ফটকে শরীরের তাপমাত্রা মাপার যন্ত্র (ইনফ্রারেড থার্মোমিটার), পর্যাপ্ত পরিমাণে হ্যান্ড ওয়াশ ও হ্যান্ড স্যানিটাইজার এর ব্যবস্থা রাখা হয়েছে।
- দাপ্তরিক পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার করা হয়েছে। পরিদপ্তরাধীন সীম্যান্স হোস্টেল, চট্টগ্রামের সীম্যান্স হোস্টেল ভবন ও ইহার চারপাশের এলাকায় নিয়মিত জীবানু নাশক ছিটানো হয়েছে।
- কোভিড-১৯ পরিস্থিতি জনিত কারনে দেশের জন্য মূল্যবান বৈদেশিক মুদ্রা অর্জনকারী নাবিকদের জাহাজের চাকুরিতে গমন করতে না পারায় আর্থিক সংকট তথা দারিদ্র বিমোচনের লক্ষ্যে নাবিক কল্যাণ তহবিল কমিটির ২৭ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী নাবিকদের খাদ্য ও পানীয় সংকট সাময়িক নিরসনে ১৯৯ জন নাবিক এর মাঝে সর্বমোট ৯,৯৫,০০০/- (নয় লক্ষ পঁচানব্বই হাজার) টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়েছে।

নাবিক কল্যাণ তহবিল কমিটির ২৭ তম সভার সিদ্ধান্তানুযায়ী আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত সভার স্থিরচিত্র

আর্থিক অনুদান প্রদানের চেক হস্তান্তর সংক্রান্ত স্থিরচিত্র

- কোভিড-১৯ কালীন সময়ে নাবিক কল্যাণ তহবিল কমিটির ২৮তম সভার সিদ্ধান্তনুয়ায়ী দুঃস্থ অসুস্থ ও মৃত নাবিকের নির্ভরশীল সদসদের ব্যয় বহুল রোগের চিকিৎসার্থে ২৬ জন নাবিককে মোট ১৪,৭০,০০০/- (চৌদ্দ লক্ষ সত্তর হাজার) টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়েছে।

নাবিক কল্যাণ তহবিল কমিটির ২৮তম সভা

নাবিকদের আর্থিক সহায়তা প্রদান

কোভিড-১৯ মহামারি মোকাবেলায় নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর কর্তৃপক্ষের গৃহিত সিদ্ধান্তসমূহ নিজস্ব ব্যবস্থাপনায় এবং নিজস্ব অর্থায়নে বাস্তবায়ন করা হচ্ছে। এর সাথে সরকারি অন্য কোনো সংস্থার সংশ্লিষ্টতা নাই। কোভিড-১৯ মোকাবেলায় নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর কর্তৃপক্ষের উপরোক্ত গৃহিত কার্যক্রম সমূহ করোনা মহামারি থাকা অবধি চালু থাকবে। সংক্রমণ বৃদ্ধি পেলে নতুন এবং সচেতনতামূলক কার্যক্রম আরো বৃদ্ধি করা হবে। সকল সময়ে সরকার ঘোষিত নির্দেশনাসমূহ মেনে সময়োপযোগী ব্যবস্থা গ্রহণ করা হবে।

নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তরের উল্লেখযোগ্য অর্জন (২০১০-২০২০)

ক্রঃ নং	কার্যক্রমের বিবরণ	অর্জন											
		২০০৯-১০	২০১০-১১	২০১১-১২	২০১২-১৩	২০১৩-১৪	২০১৪-১৫	২০১৫-১৬	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১
১।	নাবিক ও নৌকর্মকর্তাদের সাময়িক আবাসন সুবিধা প্রদান	১৭৪৪৮ জন	৩৩৩৮১ জন	২৫০৭২ জন	৩২৫৬৮ জন	৩৫৭৬৩ জন	৩৫০৫২ জন	২০৪২৩ জন	১৬৭২৭ জন	৮৫৪৫ জন	৭৭৭৮ জন	১১৮৩৩ জন	১১১৫০ জন
২।	নাবিক ও নৌ কর্মকর্তাদের বিনোদন সুবিধা প্রদান	১৭৪৪৮ জন	৩৩৩৮১ জন	২৫০৭২ জন	৩২৫৬৮ জন	৩৫৭৬৩ জন	৩৫০৫২ জন	২০৪২৩ জন	১৬৭২৭ জন	৮৫৪৫ জন	৭২৫৮ জন	৯৩৪২ জন	৫০৬১ জন
৩।	সীম্যান্স হোস্টেল ডিসপেনসারীতে নাবিক ও নৌকর্মকর্তাদের চিকিৎসা সুবিধা	২৫১৮ জন	৫৩২৩ জন	৬১৯৯ জন	৫৮৩৮ জন	৭৪৪৮ জন	৭৯৫৫ জন	৯২৯৮ জন	৮৫৮৩ জন	৬২৯৭ জন	৫১৮১ জন	৩৫৪৭ জন	৩০৮৫ জন
৪।	নাবিক সন্তানদের শিক্ষা অনুদান প্রদান	১৪ জন	১৭ জন	০৮ জন	০৮ জন	০৮ জন	২৮ জন	৬২ জন	৪৭ জন	৫৩ জন	--	৫৫ জন	৬০ জন
৫।	দুঃস্থ, অসুস্থ, অক্ষম ও মৃত নাবিকদের চিকিৎসাজনিত আর্থিক সহায়তা	০১ জন	০৪ জন	০৩ জন	০১ জন	১০ জন	--	০৬ জন	২০ জন	০৫ জন	১৯ জন	২০ জন	৩২ জন
৬।	নাবিক ও নৌকর্মকর্তাদের ফ্রি ট্রান্সপোর্ট সুবিধা প্রদান	--	--	--	--	--	--	৮৪২ জন	৫৬১ জন	৪৫৪ জন	৫৮২ জন	৭৮৪ জন	৯৬০ জন
৭।	বন্দরে আগত বিদেশী নাবিকদের ফ্রি ট্রান্সপোর্ট সুবিধা	--	৩০৬ জন	৭৯৮ জন	৮১০ জন	৪২৫ জন	৭০৮ জন	৬০৩ জন	৬০৭ জন	৫৫৫ জন	৩৭৬ জন	২৯৮ জন	২১৬ জন
৮।	নাবিক ও নৌ কর্মকর্তাদের ইন্টারনেট/ওয়াই-ফাই সুবিধা প্রদান	--	--	১২০৫ জন	৯৮৫ জন	২৯৭ জন	৫০৪ জন	৫০০ জন	৬১৯ জন	৬৬২ জন	৫৬৮ জন	১২৮৩ জন	৩৫১৫ জন

চলমান পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কার্যক্রমঃ-

নাবিকদের সাময়িক আবাসন, বিনোদন ও অন্যান্য কল্যাণ মূলক কার্যক্রমে চিহ্নিত সমস্যা উত্তরণের লক্ষে মন্ত্রণালয়ের ২৫-১১-২০২০খ্রিঃ তারিখের অভ্যন্তরীন যাচাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী সীম্যান্স হোস্টেল চৌহদ্দির পূর্বাংশের খালি জায়গায় ইন্টারন্যাশনাল সীফ্যারার্স ড্রপ-ইন সেন্টার ও সীম্যান্স হোস্টেল এর সমন্নয়ে ৬ (ছয়) তলা ভীত বিশিষ্ট ৪(চার) তলা সীম্যান্স হোস্টেল কমপ্লেক্স ভবন নির্মাণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এবিষয়ে নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় সচিব ০৩-১০-২০২০খ্রিঃ তারিখে প্রস্তাবিত সীম্যান্স হোস্টেল ভবন নির্মাণের স্থান এবং সীম্যান্স হোস্টেল এবং নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর পরিদর্শন করেন।

সচিব মহোদয় কর্তৃক ০৩-১০-২০২০খ্রিঃ তারিখে সীম্যান্স হোস্টেল পরিদর্শনের চিত্র

প্রস্তাবিত সীম্যান্স হোস্টেল ভবন নির্মাণের স্থান পরিদর্শনের চিত্র

পরিদপ্তরের কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভার চিত্র

ভবিষ্যৎ কর্ম-পরিকল্পনাঃ-

বৈদেশিক মুদ্রা অর্জনের মধ্য দিয়ে দেশের অর্থনীতিতে অনবদ্য ভূমিকা রেখে চলা নাবিকদের কল্যাণ সুবিধা বৃদ্ধিকল্পে সীম্যান্স হোস্টেল চৌহদ্দির পূর্বাংশের খালি জায়গায় ইন্টারণ্যাশনাল সীফ্যারার্স ড্রপ-ইন সেন্টার ও সীম্যান্স হোস্টেল এর সমম্বয়ে ৬(ছয়) তলা ভীত বিশিষ্ট ৪(চার) তলা সীম্যান্স হোস্টেল কমপ্লেক্স ভবন নির্মাণ করা। এতদউদ্দেশ্যে নতুন সীম্যান্স হোস্টেল ভবনের স্থাপত্য নকশা স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণীত হয়েছে এবং গণপূর্ত অধিদপ্তর কর্তৃক ডিপিপি প্রনয়ণের কার্যক্রম চলমান আছে। সীম্যান্স হোস্টেলে নাবিকদের অবস্থান কার্যক্রম অনলাইন করণের কর্মপরিকল্পনা রয়েছে।

Pjgvb cvZv # 14

স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত প্রস্তাবিত ৬(ছয়) তলা ভীত বিশিষ্ট ০৪ (চার) তলা সীম্যান্স হোস্টেল কমপ্লেক্স ভবন নির্মাণের স্থাপত্য চিত্র

বাজেট বরাদ্দ ও ব্যয় বিবরণী (২০০৯-২০২০): **(অংকসমূহ হাজার টাকায়)**

ক্রঃনং	অর্থ বছর	বাজেট বরাদ্দ	প্রকৃত ব্যয়	রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা	প্রকৃত আয়
০১।	২০১০-২০১১	৮২,০২	৮০,৭৪	৩,৮৪	৪,৫৭
০২।	২০১১-২০১২	৮৯,৭৫	৭৩,৪২	৬,৭৪	৬,৭০
০৩।	২০১২-২০১৩	৭৮,১৫	৬৬,৩০	৯,৫৩	১০,৮৮
০৪।	২০১৩-২০১৪	১,৩৯,২৭	১,২৪,৩৩	১১,৬০	১২,৮২
০৫।	২০১৪-২০১৫	১,৮২,৫০	১,৫০,০৩	১১,৬০	১২,৭৪
০৬।	২০১৫-২০১৬	২,২৫,৮১	১,৬০,৮২	২০,৮৫	১৯,৪০
০৭।	২০১৬-২০১৭	১,৯৩,৩৫	১,৬৪,৩০	২০,৬৫	২০,২৭
০৮।	২০১৭-২০১৮	১,৮৬,০০	১,৬২,৮৮	১৮,৬৫	২১,৬৯
০৯।	২০১৮-২০১৯	১,৯৯,৮০	১,৭৩,৮৩	২৫,০০	১৯,৮৩
১০।	২০১৯-২০২০	২,২০,৮০	১,২৬,৭৮	২৩,০০	২১,৩২
১১।	২০২০-২০২১	২,০০,০০	১,৭৯,১২	২৩,০০	২২,৮৮

চ্যালেঞ্জসমূহঃ-

সীম্যান্স হোস্টেলের মাধ্যমে নাবিকদের সাময়িক আবাসন, বিনোদন ও অন্যান্য কল্যাণ মূলক সুবিধা প্রদান করা। উক্ত সীম্যান্স হোস্টেল ভবনটি অত্যান্ত পুরানো ও জরাজীর্ণ। নাবিকদের কল্যাণ কার্যক্রমের উন্নয়নকল্পে নতুন সীম্যান্স হোস্টেল কমপ্লেক্স ভবন নির্মাণ অনস্বীকার্য। নতুন সীম্যান্স হোস্টেল নির্মাণের ডিপিপি অনুমোদন, বাজেট বরাদ্দ ও বাস্তবায়ন এ পরিদপ্তরের জন্য একটি চ্যালেঞ্জ। অধিকন্ত কার্যকর ভাবে নাবিক কল্যাণ কার্যক্রম সম্পাদন কল্পে আইন/বিধির আওতায় পরিদপ্তরটিকে যথাযথ ক্ষমতায়ন প্রয়োজন।

সম্ভাবনা (Prospects):

প্রস্তাবিত ৬(ছয়) তলা ভীত বিশিষ্ট ০৪ (চার) তলা সীম্যান্স হোস্টেল কমপ্লেক্স ভবন নির্মাণের মাধ্যমে সমুদ্রগামী জাহাজের নাবিকদের উন্নতমানের আবাসন, বিনোদন ও অন্যান্য কল্যাণ মূলক সুবিধা নিশ্চিত করা হবে। নতুন সীম্যান্স হোস্টেল কমপ্লেক্স ভবনটি নির্মিত হলে নারী নাবিকসহ সকল শ্রেণীর নাবিকদের সাময়িক আবাসন, বিনোদন ও অন্যান্য কল্যাণ সুবিধা বৃদ্ধি পাবে এবং সরকারি রাজস্ব সুবিধা বৃদ্ধি পাবে। আন্তর্জাতিক নৌ-অঙ্গনে দেশের ভাবমূর্তি উজ্জ্বল হবে।

১৪/১০/২০২
(সুমন বড়ুয়া)
পরিচালক (উপসচিব)
ফোনঃ ৭২৩৮৩২,৭২৪৮৫৪
ফ্যাক্সঃ ০২৪১৩৭০৩০৬
E-mail dswctg@gmail.com